

**সমাবর্তন উপলক্ষে সার্বিক সহযোগিতার জন্য স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে
মত বিনিময় সভা**



আগামী ১১ জানুয়ারি ২০২০ তারিখে মহামান্য রাষ্ট্রপতির অনুমতিক্রমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনের দিন ইতোমধ্যে ধার্য করা হয়েছে। এই উপলক্ষে ৪ ডিসেম্বর, ২০১৯-বুধবার সমাবর্তন উপলক্ষে সার্বিক সহযোগিতার জন্য সমাবর্তনস্থলের এলাকার স্থানীয় জনপ্রতিনিধি এবং বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের সাথে মত বিনিময় সভা উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, প্রক্টর ড. মোস্তফা কামাল এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান উপস্থিত ছিলেন।

উক্ত মতবিনিময় সভায় সমাবর্তনস্থল (জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠ, ধুপখোলা) এর এলাকার বিভিন্ন ওয়ার্ড কাউন্সিলর এবং বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ সার্বিক সহযোগিতা করবেন বলে আশ্বস্ত করেন।